যায়যায়দিন

তারিখ ...07 FEB 2008...
পৃষ্ঠা ৩২ কলাম ৫ ......

দেশের প্রথম

# যশোর পাবলিক লাইব্রেরি



যশোর ইন্সটিটিউট পাবলিক লাইব্রেরিতে বইয়ের সংখ্যা এক লাখ। এ লাইব্রেরিতে রয়েছে প্রফেসর ইয়াকুব পাঠ কক্ষ, ইসু বিভাগ, মুক্তিযুদ্ধ বিভাগ, রেফারেন্স বিভাগ, পুরনো বই-পত্রিকা সংরক্ষণ বিভাগ, সাময়িকী বিভাগ, পাণ্ডুলিপি বিভাগ ও আমেরিকান সেন্টার। বেসরকারি পর্যায়ে এটিই আধুনিক সুযোগ-সুবিধায় সমৃদ্ধ পাবলিক লাইব্রেরি। লাইব্রেরি গবেষক ড. মোফাখখার হোসেন খানের গবেষণা থেকে জানা যায়, এ উপমহাদেশের বৃটিশ ইনডিয়ার প্রথম পাবলিক লাইব্রেরি এটি। আবার এমন মতামত আছে যশোরের জেলা কালেক্টর মি. রেকস ১৮৫৪ সালে লাইব্রেরিটির বীজ বপন করেছিলেন। ১৯২৮ সালে যশোর ইন্সটিটিউট প্রতিষ্ঠার পর লাইব্রেরিটির নামকরণ হয় যশোর ইন্সটিটিউট পাবলিক লাইব্রেরি। লাইব্রেরি আন্দোলনের অগ্রপথিক প্রফেসর শরীফ হোসেনের প্রচেষ্টায় লাইব্রেরিটি একটি সমৃদ্ধ জ্ঞান ভাণ্ডারে পরিণত হয়। ১৯৬৩ থেকে ১৯৮৪ সাল পর্যন্ত তিনি বই ব্যাংক, ভ্রাম্যমাণ পাঠাগার, বইমেলা, ওপেন মেলাতে বই প্রদর্শন ছাড়াও ১ লাখ বইয়ে লাইব্রেরিকে সমৃদ্ধ করেন। এ ছাড়া এখানে রয়েছে প্রাচীন যুগের ২০০ মূল্যবান পাণ্ডুলিপি। বর্তমানে লাইব্রেরিটির সদস্য সংখ্যা তিন হাজার। এখানে বসে বই পড়া ছাড়াও সদস্যরা বাড়ি নিয়ে বই পড়তে পারেন।

দেশের প্রথম

# বগুড়ার উডবার্ন পাবলিক লাইব্রেরি

দেড়শ' বছরের ইতিহাস, ঐতিহ্য নিয়ে দাঁড়িয়ে আছে বগুড়ার উডবার্ন পাবলিক লাইব্রেরি। বইপ্রিয় মানুষের মনের খোরাক মেটাচ্ছে প্রাচীন এ লাইব্রেরি। ছোট-বড় সবাই এখানে আসেন। মগ্ন হয়ে পড়েন তাদের প্রিয় বই পাঠে। নতুন-পুরনো মিলে এখানে বই রয়েছে প্রায় ১৫ হাজার।

বগুড়ার এডওয়ার্ড পার্কে উডবার্ন লাইব্রেরি প্রতিষ্ঠিত হয় ১৮৫৪ সালে। সেই থেকে বগুড়ার অসংখ্য মানুষের জ্ঞান আহরণের কেন্দ্র হয়ে ওঠে এ লাইব্রেরি। ছাত্র-শিক্ষক, চাকরিজীবীসহ নানা শ্রেণীর পেশাজীবীরা অবসর পেলে ছুটে আসেন এ লাইব্রেরিতে। তারা বইকে বেছে নেন সঙ্গী হিসেবে। বই পড়ে দূর করেন মনের ক্লান্তি। উডবার্ন পাবলিক লাইব্রেরিতে রয়েছে শত বছরের পুরনো বহু মূল্যবান গ্রন্থ। রয়েছে তিনশ' বছর আগের একটি পুথি। হাতে লেখা চারখণ্ড এ পুথির লেখা এখনো পাঠোদ্ধার করা সম্ভব হয়নি। অযত্ন আর অবহেলায় পড়ে আছে এ পুথিগুলো।

এছাড়া এখানে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের ইতিহাস বিষয়ক গ্রন্থ, মুক্তিযুদ্ধের ওপর ভলিউম, এনসাইক্লোপিডিয়া, উপন্যাস, গল্প-কবিতা, পাঠ্যবইসহ বিভিন্ন ধরনের গ্রন্থ রয়েছে।

উডবার্ন লাইব্রেরির পাশেই স্থাপন করা হয়েছে সরকারি গণগ্রন্থাগার। এখানে দৈনিক পত্রিকা ছাড়াও ম্যাগাজিন রাখা হয়।

ঐতিহ্যবাহী এ লাইব্রেরির রয়েছে নানা সমস্যা।

আরিফ রেহমান বগুড়া

